2021

6th Semester

Discipline: BENGALI

(PROGRAM)

Full Marks : 40 ***Time : 2 Hours***

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

Course Name : **উনিশ-বিশ শতকের নাটক**

Course Code : BAPBNGDSE601

১। *যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও :* ১ X ৫ = ৫

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর ‘বিসর্জন’ নাটকটি কোথায় বসবাসকালে রচনা করেন?

(খ) ‘বিসর্জন’ নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের নাম কী?

(গ) ‘বিসর্জন’ নাটকে কে প্রতিমা বিসর্জন দিয়েছিলেন?

(ঘ) ‘বিসর্জন’ নাটকে নক্ষত্ররায়কে কত বছরের জন্য নির্বাসন দেওয়া হয়?।

(ঙ) ‘বিসর্জন’ নাটকের শেষ অংকে কয়টি দৃশ্য আছে?

(চ) ‘গোত্রান্তর’ নাটকটি বিজন ভট্টাচার্য কাকে উৎসর্গ করেছিলেন?

(ছ) ‘গোত্রান্তর’ নাটকটি প্রথম কোথায় মঞ্চায়ন হয়?

(জ) ‘গোত্রান্তর’ নাটকে বিজন ভট্টাচার্য কোন চরিত্রে অভিনয় করেন?

(ঝ) ‘বিসর্জন’ নাটক রবীন্দ্রনাথের কোন উপন্যাস অবলম্বনে রচিত হয়েছে?

(ঞ) উদ্বাস্তু হয়ে এসে গৌরীরা কোথায় থাকতো?

https://www.knuonline.com/

২। *যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও :* ২ X ৫ = ১০

(ক) 'বিসর্জন' নাটকের ইংরেজি অনুবাদের নাম কী? কে অনুবাদ করেন?

(খ) 'বির্সজন' নাটকে কোন অঙ্কের কোন দৃশ্যে প্রথম গান আছে ও কার কণ্ঠে?

(গ) 'বিসর্জন' নাটকের কোন অঙ্কের কোন দৃশ্যে প্রতিমার মুখ পিছন দিকে ঘুরিয়ে দেওয়া হয়েছিল?

(ঘ) "এই যেন শেষ রক্ত হয় মাতা"— কে, কাকে একথা বলেছে?

(ঙ) বিজন ভট্টাচার্য রচিত 'গোত্রান্তর' নাটকে তাঁর পুত্র প্রথম কোন চরিত্রে অভিনয় করেছিলেন? তাঁর পুত্রের নাম কী?

(চ) 'গোত্রান্তর' নাটকের বিষয় বস্তু কী?

(ছ) হরেন মাস্টারের ভায়ের নাম কী? তিনি কোন বিভাগে চাকুরি করতেন?

(জ) হরেন মাস্টারের মেয়ের নাম কী? তার সঙ্গে কার বিবাহ হয়েছিল?

(ঝ) রানি গুনবতী দেবীর পূজায় কী বলি দিতে চেয়েছিলেন? এর প্রতিক্রিয়া কী হয়েছিল?

(ঞ) নিজের দেশে থাকতে হরেনবাবু কী কাজ করতেন? উদ্বাস্তু হয়ে এসে তিনি মানিয়ে নিতে পারছিলেন না কেন?

৩। *যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও :* ৫ X ৩ = ১৫

(ক) নক্ষত্ররায় চরিত্রটি আলোচনা করো।

(খ) 'বিসর্জন' নাটকের লিরিকের প্রবনতা কতটা শিল্পসম্মত হয়েছে আলোচনা করো।

(গ) 'বিসর্জন' নাটকে জনতা চরিত্রের প্রয়োজনীয়তা আলোচনা করো।

(ঘ) 'গোত্রান্তর' নাটক অবলম্বনে হরেন মাস্টার চরিত্রটি আলোচনা করো।

(ঙ) "হেই বিশ্বকর্মার পুতের দল, চুপ কইরা খাড়াইয়া আছস— হাত লাগাইতে পারসনা তরা— হাত চালাও কাম কর— উঠাও বস্তি"— কে কোন পরিস্থিতিতে এই আহ্বান জানিয়েছেন? আলোচনা করো।

(চ) 'পিতা, এসো এ মন্দির ছেড়ে যাই মোরা'- বক্তা কে? সে কেন কাকে কোন মন্দির ছেড়ে যেতে বলেছে?

https://www.knuonline.com/

৪। *যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :* ১০ X ১ = ১০

ক) ‘বিসর্জন’ নাটকের নায়ক হিসেবে কাকে গ্রহণযোগ্য মনে করো। তোমার মন্তব্যের সপক্ষে যুক্তি দাও।

(খ) ‘বিসর্জন’ নাটকের পরিণতি কতটা সার্থক হয়েছে, আলোচনা করো।

(গ) ‘গোত্রান্তর’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

----

https://www.knuonline.com/

Course Name : **কল্পবিজ্ঞান ও গোয়েন্দাকাহিনি**

Course Code : BAPBNGDSE602

১। *যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও :* ১ X ৫ = ৫

(ক)‘একশৃঙ্গ অভিযান’এ শঙ্কু ছাড়া অপর বাঙালি চরিত্রটির নাম কী ?

(খ) ‘মানরো দ্বীপের রহস্য’ কাহিনিতে ক্যালেনবাখের মৃত্যু কী ভাবে ঘটে ?

(গ) ‘সাম্পা’ কী ?

(ঘ) শঙ্কুর ডায়েরিগুলিতে প্রতিটি দিনের শিরোনামে কী কী নির্দেশ করা থাকে ?

(ঙ) ‘আজ একটা নতুন ক্রিম তৈরি করেছি।‘ – কে কাকে বলেছে ?

(চ) ‘সম্ভবত আততায়ীর পোষা শজারু আছে। বিনামূল্যে কাঁটা পায়।’ – বক্তা কে ?

(ছ) ‘যৌবন নিকুঞ্জে গাহে পাখি, সখি জাগো।‘ – কে কাকে এই গান শোনাতে চেয়েছে ?

(জ) দীপার গুপ্ত প্রণয়ী কে ছিল ?

(ঝ) সত্যজিৎ রায়-সৃষ্ট করা শঙ্কু ছাড়া অন্য একটি বিখ্যাত চরিত্রের নাম লেখো।

(ঞ) গোয়েন্দা- কাহিনি ছাড়া শরদিন্দু বন্দ্যোপাধায় অন্য কোন ধরণের রচনায় অত্যন্ত দক্ষ ছিলেন ?

২। *যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও :* ২ X ৫ = ৫

(ক) ‘মানুষ অনেক জেনেছে। এগুলোও জানবে। সময় লাগবে। সহজ রাস্তা নেই’ -- কে কাকে এই কথা বলেছে ?

(খ) ‘কিন্তু এই ডেভিডকেই সন্ডার্স শেষ পর্যন্ত বেছে নিয়েছে’-- ডেভিডকে বেছে নেবার কারণ কী ছিল ?

(গ) মিরাকিউরল কী এবং এর উপকারিতা কী ?

(ঘ) প্রাচ্য ও পাশ্চাত্যে ড্র্যাগন সম্পর্কে মানুষের বিশ্বাসের পার্থক্য কী ?

(ঙ) ‘তোমার চোখের বিজলি উজল আলোকে, পরাণে আমার ঝঞ্ঝার মেঘ ঝলকে’ -- কার অটোগ্রাফের খাতাতে কে এ’কথা লিখেছিল ?

(চ) ‘আমার গান বিনা পয়সায় শোনা যায় না। পয়সা খরচ করতে হয়।’ -- কে কাকে বলেছে ?

https://www.knuonline.com/

(ছ) 'বাইরের লোকের কাছে ভন্ডামী করতে হবে। তুমি পারবে ?' – বক্তা কে ? কাকে কোন প্রসঙ্গে এ'কথা বলা হয়েছে ?

(জ) দেবাশিস-দীপার বিয়েতে আড্ডার বন্ধুরা কে কী উপহার দিয়েছিল ?

(ঝ) 'মানরো দ্বীপের রহস্য' কাহিনিতে শঙ্কুর সঙ্গী ছিলেন এমন দুজনের নাম ও পরিচয় লেখো।

(ঞ) 'আমাকে আপনার বাড়িতে থাকতে দিন, আমি আপনাকে বিরক্ত করব না, আপনার সামনে আসব না'— কে কাকে এ'কথা বলেছে ?

৩। *যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও :* ৫ X ৩ = ১৫

(ক)'সুমা এখন একাগ্রমনে চালিয়ে যাচ্ছে ওই ফলের রাসায়নিক বিশ্লেষণ' --- কোন ফলের কথা বলা হয়েছে? এই ফলের গুণাগুণ বুঝিয়ে লেখো।

(খ) 'কম্পু' গল্পের উইঙ্গফীল্ড চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'একশৃঙ্গ অভিযান' কাহিনিতে গারবেয়াং থেকে রওনা হবার পর মারকোভিচের মধ্যে কী অস্বাভাবিকতা লক্ষ্য করা যায় এবং কেন। তা' সংক্ষেপে বুঝিয়ে দাও।

(ঘ) প্রত্যেক মানুষের দুটো চরিত্র থাকে; একটা তার দিনের বেলার চরিত্র, অন্যটা রাত্রির।' – প্রবালের রাত্রিযাপনের ছবিটি যেভাবে বর্ণিত হয়েছে তা' সংক্ষেপে লেখো।

(ঙ) 'দাদু আমি একজনকে বিয়ে করতে চাই, কিন্তু তার জাত আলাদা।' – বিয়ের আগে দীপার গোপন প্রেম ও পরিবারে তার প্রতিক্রিয়া সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।

(চ) ব্ল্যাকহোল ব্র্যান্ডন কে ছিল এবং তার পরিণতি কী হয়েছিল সংক্ষেপে বুঝিয়ে লেখো। 'আত্মবিলাপ' কবিতা অবলম্বনে কবির আত্মবিলাপ বর্ণনা কর।

৪। *যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :* ১০ X ১ = ১০

(ক)'এরাই হল একশৃঙ্গ বা ইউনিকর্ণ। প্লিনির ইউনিকর্ণ, বিদেশের রূপকথার ইউনিকর্ণ, মোহেঞ্জোদাড়োর সীলে খোদাই করা ইউনিকর্ণ।' -- শঙ্কু ও তার সঙ্গীদের ইউনিকর্ণ সন্ধান-অভিযান সত্যজিতের লেখা কাহিনি অবলম্বনে নিজের ভাষায় বর্ণনা করো।

(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসের দেবাশিস চরিত্রটি আলোচনা করো।

(গ) 'শজারুর কাঁটা'র আততায়ী যেভাবে অপরাধের জাল ছড়িয়ে লক্ষ্যভেদ করেও ব্যর্থ হয়েছে এবং ব্যোমকেশের হাতে ধরা পড়েছে তা' বুঝিয়ে দাও।

https://www.knuonline.com/